12

তারিখ 10 JUL 1996
পৃষ্ঠা ৯ কলাম ২

দৈনিক ইত্তেফাক

# এসএসসি পরীক্ষা ॥ কুমিল্লা বোর্ডে পাসের হার ৪৭·২

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষা-'৯৬-এর ফল প্রকাশ করা হইয়াছে। পাসের গড় হার ৪৭ দশমিক ২। ইহার মধ্যে বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৬ দশমিক ৫৯ এবং সমাজ বিজ্ঞান বিভাগে ৩০ দশমিক ৪৭। সম্মিলিত মেধা তালিকায় বিজ্ঞান গ্রুপে সিলেট ক্যাডেট কলেজের ছাত্র সাদ হাবিব-ই-রসুল মোল্লা প্রথম স্থান ও সিলেট সরকারী পাইলট হাইস্কুলের ছাত্র অমিত বিক্রম দেব দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। সমাজ বিজ্ঞান গ্রুপে প্রথম স্থান পাইয়াছে বাঞ্ছারামপুর হাইস্কুলের ছাত্র শফিউন নাহিন শিমুল এবং দ্বিতীয় স্থান চাঁদপুর হাসান আলী সরকারী হাইস্কুলের ছাত্র ইশতিয়াক আহমেদ।

মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮১ হাজার ৭ শত ২ জন, তবে পরীক্ষায় অংশ নেয় ৮০ হাজার ৪ শত ৬৪ জন। ইহার মধ্যে বিজ্ঞান বিভাগে ১১ হাজার ৪ শত ৮৬ জন ছাত্রী এবং ২৫ হাজার ৮ শত ৪৮ জন ছাত্র। সমাজ বিজ্ঞান বিভাগে ২৪ হাজার ২ শত ৩৫ জন ছাত্রী এবং ২০ হাজার ১ শত ৩৩ জন ছাত্র। বিজ্ঞান শাখায় প্রথম বিভাগে ১৮ হাজার ৩ শত ৩৫, দ্বিতীয় বিভাগে ৬ হাজার ২ শত ১৫ এবং তৃতীয় বিভাগে ৪ জন উত্তীর্ণ হইয়াছে। সমাজ বিজ্ঞান শাখায় প্রথম বিভাগে ৪ হাজার ২ শত ১১, দ্বিতীয় বিভাগে ৮ হাজার ৯ শত ২২ এবং তৃতীয় বিভাগে ১ শত ৪৭ জন ছাত্র-ছাত্রী পাস করিয়াছে।

মেধা তালিকা ব্যতীত সংবাদপত্র কার্যালয়ে ফলাফলের কপি দেওয়া হয় নাই। তবে গতকালই সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র ও স্কুলসমূহে 'রেজাল্ট শীট' প্রেরণ করা হইয়াছে।